# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৪৯

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

الفصل الاول (بَابُ فَضَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

---

আরবী

وَعَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بُعِثْتُ بِجَوَامِعِ الْكَلِمِ وَنُصِرْتُ بِالرُّعْبِ وبَينا أَنا نائمٌ رأيتُني أُوتيتُ بِمَفَاتِيحِ خَزَائِنِ الْأَرْضِ فَوُضِعَتْ فِي يَدِي» مُتَّفَقٌ عَلَيْهِ.

متفق علیہ ، رواہ البخاری (122) و مسلم (6 / 523)، (1171) ـ
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৭৪৯-[১১] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমাকে ব্যাপক অর্থবোধক বাক্যের দক্ষতাসহ প্রেরণ করা হয়েছে এবং ব্যক্তিত্বের প্রভাব দ্বারা সাহায্য করা হয়েছে। একরাত্রে আমি যখন নিদ্রিতাবস্থায় তখন ধনভাণ্ডারের চাবিসমূহ আনা হয়, অতঃপর তা আমার হাতে রেখে দেয়া হয়। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ২৯৭৭, মুসলিম ৫-(৫২৩), নাসায়ী ৩০৮৭, মুসনাদে আহমাদ ৭৫৭৫, সহীহ ইবনু হিব্বান ৬৩৬৩, শুআবুল ঈমান ১৩৯, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৪২৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ভূমির খাজানা বা সঞ্চিত সম্পদ স্বপ্নে দেখিয়ে বিভিন্ন দেশ বিজয় এবং তাদের সম্পদ মুসলিমদের হস্তগত হওয়ার প্রতি ইঙ্গিত করা হয়েছে। দেশ বিজয়ের মাধ্যমে দেশের খনিজ সম্পদ যেমন স্বর্ণ, রোপ্য ও অন্যান্য খনিজ পদার্থ মুসলিমদের হস্তগত হয়েছে। আর নবীদের স্বপ্নও ওয়াহী: নবীর এই স্বপ্নের বাস্তব প্রতিফলনও নুবুওয়্যাতের

সত্যতার একটি নিদর্শন, যা অক্ষরে অক্ষরে প্রমাণিত হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85725

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন